

আল-লুলু ওয়াল মারজান

হাদিস নম্বরঃ ১০০৬

২২/ পানি সিঞ্চন (كتاب المساقاة)

পরিচ্ছেদঃ ২২/৬. অসচ্ছল ব্যক্তিকে সুযোগ দেয়ার ফযীলত।

فضل إنظار المعسر

আরবী

حديث حُذِيفَةَ رَضِيَ اللهُ عَنْهُ، قَالَ: قَالَ النَّبِيُّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: تَلَقَّتِ الْمَلَائِكَةُ رُوحَ رَجُلٍ مِمَّنْ كَانَ قَبْلَكُمْ، قَالُوا أَعْمَلْتَ مِنَ الْخَيْرِ شَيْئًا، قَالَ: كُنْتُ أَمْرُ فِتْيَانِي أَنْ يُنْظَرُوا وَيَتَجَاوَزُوا عَنِ الْمُوسِرِ، قَالَ: قَالَ فَتَجَاوَزُوا عَنْهُ

বাংলা

১০০৬. হুয়াইফাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, আমাদের পূর্ববর্তীদের মধ্যে এক ব্যক্তির রুহের সাথে ফেরেশতা সাক্ষাৎ করে জিজ্ঞেস করলেন, তুমি কি কোন নেক কাজ করেছ? লোকটি উত্তর দিল, আমি আমার কর্মচারীদের আদেশ করতাম যে, তারা যেন সচ্ছল ব্যক্তিকে অবকাশ দেয় এবং তার উপর পীড়াপীড়ি না করে। রাবী বলেন, তিনি বলেছেন, ফেরেশতারাও তাকে ক্ষমা করে দেন।

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৩৪ ; ক্রয়-বিক্রয় অধ্যায়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ হুয়াইফাহ ইবন আল-ইয়ামান (রাঃ)

Source — <https://www.hadithbd.com/hadith/link/?id=84234>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন